যুগান্তর

0 5 FEB 2015

# চারটি বেসরকারি বিশ্ববিদ্যালয় আসছে

যুগান্তর রিপোর্ট

সরকার আরও চারটি নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন দিচ্ছে। এর মধ্যে ৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয় পাচ্ছে বাংলাদেশ সশস্ত্র বাহিনী। বাকিটা একটি বেসরকারি উদ্যোক্তা দল পাচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হেলাল উদ্দিন এ তথ্য নিশ্চিত করে বলেন, চারটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের চিন্তাভাবনা থাকলেও এখন সশস্ত্র বাহিনীর তিনটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব প্রধানমন্ত্রীর কার্যালয়ে যাচ্ছে। বাকিটা পরে আলাদাভাবে অনুমোদন দেয়ার প্রক্রিয়া শুরু করা হবে। সশস্ত্র বাহিনীর তিনটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের নাম হচ্ছে— বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সৈয়দপুর; বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, নাটোর এবং বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কুমিল্লা। বেসরকারি উদ্যোক্তার প্রতিষ্ঠানটি হচ্ছে 'ট্রাস্ট ইউনিভার্সিটি'। এটি বরিশালে স্থাপনের প্রস্তাবনা রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, সশস্ত্র বাহিনীর বিশ্ববিদ্যালয় তিনটি অনুমোদনের চূড়ান্ত প্রস্তাব বর্তমানে শিক্ষামন্ত্রীর দফতরে রয়েছে। প্রধানমন্ত্রীর চূড়ান্ত অনুমোদন নেয়ার জন্য সংশ্লিষ্ট ফাইলটি দু-একদিনের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হবে।